



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
www.nimc.gov.bd



নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৫৫.২৪.৫১৩

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : Cyber Security for Media Professionals পাঠ্যধারার বিজ্ঞাপন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ১০ থেকে ২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) সপ্তাহব্যাপী Cyber Security for Media Professionals পাঠ্যধারা আয়োজন করতে যাচ্ছে।

Cyber Security for Media Professionals পাঠ্যধারায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের স্নাতক পাশ হতে হবে। ডিপ্লোমা প্রকৌশলীগণ আবেদন করতে পারবেন।


ভর্তি প্রক্রিয়া: সরাসরি অথবা অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারী নিম্নোক্ত যে কোন পদ্ধতি অনুরসণ করতে পারবে:

অনলাইনে আবেদন প্রক্রিয়া: প্রথমে www.nimc.gov.bd ওয়েবসাইটের মূল পাতায় অনলাইনে আবেদন ক্লিক করে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইনে আবেদনকারীগণ ২০০/- (দুইশত) টাকা সাক্ষাৎকারের আগে ইনস্টিটিউটের হিসাব শাখায় জমা প্রদান করে সাক্ষাৎকারে অংশগ্রহণ করবে।

সরাসরি আবেদন প্রক্রিয়া: অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতিত) ২০০/- (দুইশত) টাকা ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করে তা পূরণপূর্বক সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও ০১ কপি ছবিসহ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ০৩ নভেম্বর ২০২৪ খ্রি। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ০৪ নভেম্বর ২০২৪ খ্রি. ১১.০০ ঘটিকায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে উপস্থিত থাকতে হবে। এজন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৩,০০০.০০ (তিন হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে জমা দিতে হবে। প্রার্থী নির্বাচনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মোহা. আব্দুস সালাম)
প্রোগ্রামার ও
পাঠ্যধারা পরিচালক
ফোন: ০২৫৫০৭৯৪৩৩